# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: ১ ২ ৩

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

১.▶ লিনা একাদশ শ্রেণিতে পড়ে। কলেজে যাবার পথে সবুজ নামের একটি ছেলে প্রায়ই তাকে দেখে শিষ বাজায় ও অশালীন মন্তব্য করে। ছেলেটি ইদানীং লিনার মোবাইলে কুরুচি সম্পন্ন ম্যাসেজ পাঠায়।

ক. ফেরেল মানব কী? ১

খ. যমজ সন্তান কেন হয়? ২

গ. উদ্দীপকে সবুজ যে ধরনের আচরণ করে তার প্রভাব আলোচনা কর। ৩

ঘ. সবুজের আচরণের পিছনে দায়ী কারণগুলো কি হতে পারে বলে তুমি মনে কর। ৪

২.▶ মুন্নী, নিশাত ও চৈতী তিন বান্ধবী প্রতিদিন একসাথে রিকশা দিয়ে স্কুলে যায়। একদিন স্কুলে যাবার পথে এক সড়ক দূর্ঘটনায় তারা সবাই মাথায় আঘাত পায়। এরপর থেকে মুন্নি শরীরের ডান অংশ নড়াচড়া করতে পারে না। নিশাতকে ডাকলে সে উত্তর দেয় না এবং চৈতী তার দৃষ্টিশক্তি হারায়।

ক. নিউরন কি? ১

খ. পিটুইটারি গ্রন্থিকে প্রভুগ্রন্থি বলা হয় কেন? ২

গ. মুন্নী মস্তিষ্কের যে অংশে আঘাত পেয়েছে তা আলোচনা কর। ৩

ঘ. নিশাত ও চৈতী কি মস্তিষ্কের একই অংশে না ভিন্ন অংশ আঘাত পেয়েছে তা আলোচনা কর। ৪

৩.▶ দৃশ্যকল্প-১: ঝুমু সকালে না খেয়ে স্কুলে যায়। স্কুলে ক্লাসের ব্যস্ততার কারণে সে টিফিন খেতে পারেনি। ছুটির পর বাসায় ফিরে সাথে সাথে মায়ের কাছে খাবার চায়।

Teachingbd24.com

দৃশ্যকল্প-২: নিজাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র। বিশ্ববিদ্যালয়ে যাবার পথে এক লোমহর্ষক ঘটনা দেখে সে ভয় পায়। চোখ বড় বড় করে তাকায়। তার বুক ধড়ফড় করে গা কাটা দিয়ে উঠে এবং মুখ ফ্যাকাশে হয়ে যায়।

ক. সামাজিক প্রেষণা কী? ১

খ. আবেগ অনুভূতি থেকে কীভাবে আলাদা? ২

গ. দৃশ্যকল্প-১-এ ঝুমুর যে ধরনের প্রেষণা বিদ্যমান তার শরীরবৃত্তীয় ভিত্তি আলোচনা কর। ৩

ঘ. নিজামের মধ্যে আবেগের যে সকল দৈহিক পরিবর্তন দেখা দেয় তা আলোচনা কর। ৪

**৪.▶** রাইসা প্রতিদিন একটি নির্দিষ্ট পথে কলেজে যায়। কলেজে যাবার পথে একদিন এক বখাটে ছেলে তাকে উত্যক্ত করে। এরপর থেকে সে ভিন্ন পথে কলেজে যেতে শেখে। ছোট শিশু সামিয়া তার ডাক্তার পিতার মতো প্রেসার গজ দিয়ে প্রেসার মাপতে চায়।

Teachingbd24.com

ক. বিস্মৃতির সংজ্ঞা দাও। ১

খ. ক্ষণস্থায়ী স্মৃতিকে তথ্যের প্রক্রিয়াজাতকরণ প্রক্রিয়ার কেন্দ্রবিন্দু বলা হয় কেন? ২

গ. রাইসার শিক্ষণ পদ্ধতি আলোচনা কর। ৩

ঘ. রাইসা ও সামিয়ার শিক্ষণ পদ্ধতি ভিন্ন— যুক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৫.▶** নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

বিষয়-১:

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| + | + | + | | Δ | Δ | Δ | Δ | Δ | Δ |
| + | + | + | | Δ | Δ | Δ | Δ | Δ | Δ |
| + | + | + | | Δ | Δ | Δ | Δ | Δ | Δ |
| + | + | + | | | | | | | |

চিত্র-ক    চিত্র-খ

https://teachingbd24.com

বিষয়-২: একটি প্রসাধনসামগ্রী তৈরির প্রতিষ্ঠান তাদের উৎপাদিত একটি পণ্যের বিজ্ঞাপণ বেশ কিছুদিন ধরে একটি ম্যাগাজিনের প্রথম পৃষ্ঠায় পুরোটা জুড়ে প্রচার করছে। বিজ্ঞাপনটিতে অনেক রঙের ব্যবহার করা হয়েছে। বিষয়টি শিবলীর মনোযোগ আকর্ষণ করে।

ক. সংবেদন ক্ষমতা কী? ১

খ. সংবেদন প্রত্যক্ষণ থেকে কীভাবে আলাদা? ২

গ. বিষয়-১ এর ক ও খ চিত্রে প্রত্যক্ষণ সংগঠনের যে উপাদান দায়ী তা আলোচনা কর। ৩

ঘ. শিবলীর মনোযোগ আকর্ষণের পিছনে দায়ী উপাদানগুলো আলোচনা কর। ৪

৬.▶ আরেফিনের বয়স ১৩ বছর। ইদানীং সে একা থাকতে পছন্দ করে। কারও সাথে মেলামেশা করতে চায় না। আরেফিনের বাবা সালমান সাহেব আত্মবিশ্বাসী, বাস্তবধর্মী। তিনি আশে পাশের মানুষ ও জগতের সাথে সুন্দরভাবে সমন্বয় সাধন করে চলে।

ক. মানসিক স্বাস্থ্য বিজ্ঞান কী? ১

খ. বয়ঃসন্ধিকালীন দ্রুত বৃদ্ধি বলতে কী বোঝায়? ২

গ. আরেফিন বয়সের যে পর্যায়ে রয়েছে তার শারীরিক পরিবর্তনগুলো আলোচনা কর। ৩

ঘ. সালমান সাহেবের ক্ষেত্রে যে বিষয়ের কথা বলা হয়েছে বাংলাদেশে তার ঝুঁকিসমূহ আলোচনা কর। ৪

৭.▶ হিমেল একজন বৈজ্ঞানিক কর্মকর্তা। তিনি একটি গবেষণাগারে কাজ করেন। গবেষণাগারে কাজ করার সময় তিনি যে সকল বিষয় তার গবেষণায় খারাপ প্রভাব বিস্তার করতে পারে তা দূরে সরিয়ে রাখেন। রাজীব সাহেব তার প্রতিষ্ঠানে উৎপাদিত একটি পণ্যের গুণাগুণ সম্পর্কে জানার জন্য কতগুলো

Teachingbd24.com

নমুনাদলের কাছ থেকে মতামত সংগ্রহ করে একটি সিদ্ধান্তে আসেন। সুজন তার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের মান যাচাই করার জন্য বার বার পরীক্ষা চালাচ্ছেন।

ক. পরীক্ষণ মনোবিজ্ঞানের জনক কে? ১

খ. সামগ্রিক আচরণ ও খণ্ডিত আচরণ বলতে কী বোঝায়? ২

গ. হিমেল বৈজ্ঞানিক পদ্ধতির যে নীতি অবলম্বন করে তা আলোচনা কর। ৩

ঘ. রাজীব ও সুজন বৈজ্ঞানিক পদ্ধতির একই নীতি না ভিন্ন নীতি অবলম্বন করেছে তা যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

৮. ▶ 'X' কলেজের একাদশ প্রথম সেমিস্টার পরীক্ষার ইংরেজি বিষয়ে শিক্ষার্থীরা যে নম্বর পেয়েছে তার বিন্যাসভঙ্গি নিম্নরূপ:

| শ্রেণি ব্যবধান | পৌনঃপুন্য |
|---|---|
| ৪০ — ৪৪ | ২ |
| ৪৫ — ৪৯ | ৩ |
| ৫০ — ৫৪ | ৫ |
| ৫৫ — ৫৯ | ১০ |
| ৬০ — ৬৪ | ৭ |
| ৬৫ — ৬৯ | ৩ |
| | N = ৩০ |

ক. পরিসংখ্যানের সংজ্ঞা দাও। ১

খ. গুণবাচক উপাত্ত বলতে কী বুঝায়? ২

গ. 'X' কলেজের ইংরেজি বিষয়ের নম্বরের প্রেক্ষিতে গড় নির্ণয় কর। ৩

ঘ. 'X' কলেজে ইংরেজি বিষয়ে বেশির ভাগ শিক্ষার্থী যে নম্বরটি পেয়েছে তার মান নির্ণয় কর। ৪

https://teachingbd24.com

# মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৩ |

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]*

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. রায়হান একজন রাজনীতিবিদ। তিনি জাতীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ উদ্দেশ্যে তিনি বিভিন্ন এলাকায় নির্বাচনী প্রচারণা চালাতে গিয়ে ভাষণ দিচ্ছেন। কলকারখানা, স্কুল, কলেজ স্থাপনের প্রতিশ্রুতি দিচ্ছেন। বন্ধুরা এ বিষয়ে নেতৃত্ব দিচ্ছে।

**১. বন্ধুদের আচরণ মনোবিজ্ঞানের কোন শাখার অন্তর্গত?**

ক) পরীক্ষণ মনোবিজ্ঞান খ) শিল্প মনোবিজ্ঞান
গ) শিক্ষা মনোবিজ্ঞান ঘ) সমাজ মনোবিজ্ঞান

**২. মি. রায়হান জনসভায় যে কাজটি করেন তা—**

i. সামগ্রিক আচরণ
ii. ঐচ্ছিক আচরণ
iii. বাহ্যিক আচরণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. একটি স্নায়ুকোষের সাথে আরেকটি স্নায়ুকোষের সংযোগ স্থলকে কী বলে?**

ক) প্রান্ত শীর্ষক খ) প্রতিবর্তী ক্রিয়া
গ) সন্নিকর্ষ ঘ) স্নায়ু শাখা

**৪. প্রত্যক্ষণের জৈবিক উপাদান হলো—**

ক) অনেক লোকের মধ্যে পরিচিত লোককে চিনতে পারা
খ) ছোট বস্তুগুলোর মধ্য থেকে বড় বস্তু নির্বাচন
গ) ক্ষুধার্ত ব্যক্তির খাবার নির্বাচন
ঘ) কাছাকাছি বস্তুগুলোর একত্রে প্রত্যক্ষণ

| শ্রেণি ব্যবধান | ০-৪ | ৫-৯ | ১০-১৪ | ১৫-১৯ | ২০-২৪ | ২৫-২৯ |
|---|---|---|---|---|---|---|
| পৌন:পুণ্য | ৩ | ২ | ৮ | ৫ | ৩ | ৪ |

**৫. উক্ত বণ্টনটির শ্রেণি সীমা কত?**

ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**৬. স্মৃতির উপাদান কোনটি?**

ক) সমস্যা খ) সংযোগ
গ) প্রত্যাভিজ্ঞা ঘ) প্রচেষ্টা

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

শরীরের বৃদ্ধি বন্দ হওয়ার পরও পিটুইটারি গ্রন্থির সম্মুখ অংশ থেকে রস নিসৃত হলে এক ধরনের রোগ হয়।

**৭. রোগটির নাম কী?**

ক) Simmond's খ) Cretinism
গ) Myxedema ঘ) Acromegaly

**৮. রোগটির ফলে—**

i. হাত, পা ও মুখমন্ডল বৃদ্ধি পেতে থাকে
ii. দেহের আকৃতি তুলনামূলক স্থূল হয়
iii. ত্বক শুষ্ক ও কুঞ্চিত হয়ে যায়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. বয়ঃসন্ধিকালের সময়সীমা কত?**

ক) ১১-১৪ খ) ১১-১৬
গ) ১২-১৪ ঘ) ১২-১৮

**১০. মনোযোগের ব্যক্তিনিষ্ঠ উপাদান কোনটি?**

ক) অভিজ্ঞতা খ) আকার
গ) তীব্রতা ঘ) গতিশীলতা

**১১. কোন বণ্টনের সর্বোচ্চ স্কোর ৭৪, সর্বনিম্ন স্কোর ৫৩ হলে পরিসর কত?**

ক) ২০ খ) ২২
গ) ২৫ ঘ) ২৭

**১২. বাংলাদেশ পুলিশ সদর দপ্তরের অভিযোগ নম্বর কত?**

ক) ৬৩৬৩ খ) ৭৩৭৩
গ) ৮৩৮৩ ঘ) ৯৩৯৩

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**

মিথিলা প্রতিদিন স্কুল থেকে বাসায় ফিরেই খাবার খায়। একদিন তার মায়ের খাবার দিতে দেরি হওয়ায় সে মায়ের সাথে রাগারাগি করে।

**১৩. মিথিলার এরূপ আচরণটি নির্দেশ করে—**

ক) প্রেষণা খ) প্রত্যক্ষণ
গ) শিক্ষণ ঘ) আবেগ

Teachingbd24.com

১৪. **মিথিলার আচরণটি পরিচালিত হয়—**
i. স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র
ii. এড্রিনাল গ্রন্থি
iii. এমিগডালা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৫. **ফাই ঘটনা কোন ধরনের অভ্যাস?**
ⓚ প্রাকৃতিক
ⓛ চান্দ্র
ⓜ গতি
ⓝ জ্যামিতিক

১৬. **ব্যক্তি নিরপেক্ষতা হলো—**
ⓚ গবেষণকের নিজের মতো করে ফলাফল দেওয়া
ⓛ পরীক্ষণ পত্রের ইচ্ছামত ফলাফল দেওয়া
ⓜ গবেষক ও পরীক্ষণ পত্রের মতামতের ভিত্তিতে ফলাফল দেওয়া
ⓝ পক্ষপাতহীনভাবে গবেষণা করে ফলাফল দেওয়া

১৭. **পরিজ্ঞানমূলক শিক্ষণে বিজ্ঞানী কোহলারের উল্লেখযোগ্য গবেষণায় কোন প্রাণী নিয়ে গবেষণা করেছিলেন?**
ⓚ কুকুর ⓛ বিড়াল
ⓜ শিম্পাঞ্জী ⓝ ইঁদুর

১৮. **কৃতি প্রেষণা হলো—**
ⓚ রফিক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হতে চান
ⓛ শফিক ক্লাসে প্রথম হতে চায়
ⓜ রেহানা মিলেমিশে থাকতে চায়
ⓝ জামান সাহেব তার সম্পত্তি রক্ষা করতে চায়

১৯. **এলোমেলো উপাত্তসমূহকে কী বলে?**
ⓚ বিন্যস্ত উপাত্ত
ⓛ অবিন্যস্ত উপাত্ত
ⓜ প্রাথমিক উপাত্ত
ⓝ গৌণ উপাত্ত

২০. **জটিল প্রতিবর্তী ক্রিয়া হলো—**
ⓚ গাড়ির হর্ণ শুনে রাস্তা থেকে সরে দাঁড়ানো
ⓛ হাঁচি দেওয়া
ⓜ হাই তোলা
ⓝ কাশি দেওয়া

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
নিবিড় পরীক্ষার হলে ঢুকার পূর্ব মুহূর্তে একটি প্রশ্নের উত্তর দেখে যায়। পরীক্ষার খাতায় সে লিখতে পারে কিন্তু এরপর সে সেটা ভুলে যায়।

২১. **নিবিড়ের পরীক্ষার খাতায় লিখতে পারা এরপর ভুলে যাওয়া বিষয়টি কী?**
ⓚ শিক্ষণ
ⓛ সংবেদী স্মৃতি
ⓜ ক্ষণস্থায়ী স্মৃতি
ⓝ দীর্ঘস্থায়ী স্মৃতি

২২. **উক্ত বিষয়টি—**
i. ১ সেকেন্ড বা তার চাইতে কম সময় স্থায়ী হয়
ii. ২০ সেকেন্ড বা তার চাইতে কম সময় স্থায়ী হয়
iii. এর প্রসার ৫-৯টি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৩. **সমরূপী ক্রোমোজোম কয়টি?**
ⓚ ২২ জোড়া ⓛ ২২টি
ⓜ ২৩ জোড়া ⓝ ২৩টি

২৪. **প্রেষণা চক্রের তৃতীয় স্তর কোনটি?**
ⓚ উদ্দেশ্য সাধন ⓛ অভাববোধ
ⓜ তাড়না ⓝ করণ আচরণ

২৫. **দুর্নীতি হলো—**
ⓚ বাচনিক অশালীন মন্তব্য করা
ⓛ চলার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করা
ⓜ বে-আইনিভাবে পক্ষপাতমূলক আচরণ
ⓝ অস্বস্তিপূর্ণ অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | | | | | | | | | | |

Teachingbd24.com

https://teachingbd24.com